দৈনিক জনকণ্ঠ

তারিখ 31 MAY 2015
পৃষ্ঠা ১৫ কলাম ৬

এসএসসি পরীক্ষা

# যশোরে গণিতে ফল বিপর্যয়ের কারণ হরতাল অবরোধ

স্টাফ রিপোর্টার, যশোর অফিস ॥ চলতি বছর এসএসসি পরীক্ষায় যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে ফল বিপর্যয়ের নেপথ্যে গণিতের সৃজনশীল প্রশ্ন ও হরতাল অবরোধ। শনিবার এসএসসির ফলাফল বিশ্লেষণে এবং বোর্ড কর্মকর্তাদের বক্তব্যে এ তথ্য উঠে এসেছে।

যশোর বোর্ড সংশ্লিষ্ট সূত্র জানায়, চলতি বছর যশোর বোর্ড থেকে এক লাখ ২৮ হাজার ১৭৫ পরীক্ষার্থী এসএসসি পরীক্ষায় অংশ নেয়। এদের মধ্যে এক লাখ সাত হাজার ৬৯৮ উত্তীর্ণ হয়েছে। উত্তীর্ণদের মধ্যে ছাত্র ৫৫ হাজার ৯ ও ছাত্রী ৫২ হাজার ৬৮৯। পাসের হার ৮৪ দশমিক ০২ ভাগ। এ বছর জিপিএ-৫ পেয়েছে সাত হাজার ১৮১ শিক্ষার্থী। অথচ গত বছর এই বোর্ড থেকে এক লাখ ২৯ হাজার ১৮৩ জন পরীক্ষার্থীর মধ্যে এক লাখ ১৯ হাজার ৯৭ জন উত্তীর্ণ হয়েছিল। পাসের হার ছিল ৯২ দশমিক ১৯ ভাগ। জিপিএ-৫ পেয়েছিল ১০ হাজার ৯৪৪ শিক্ষার্থী। গত বছরের তুলনায় এবার জিপিএ-৫ প্রাপ্তির সংখ্যা কমেছে তিন হাজার ৮১৩। আর পাসের হার কমেছে ৮.১৭ ভাগ। কেন এই ফল বিপর্যয়, তা খুঁজতে গিয়ে দেখা গেছে, গণিতেই সবচেয়ে বেশি খারাপ ফল করেছে শিক্ষার্থীরা।